"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি"

ভেদরগঞ্জ উপজেলা পরিষদ
শরীয়তপুর।

৫ম উপজেলা পরিষদের ৩০তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	: মো: হুমায়ুন কবির চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
সভার তারিখ	: ৩০ ডিসেম্বর ২০২১
সময়	: বেলা ১২.০০ টা
সভার স্থান	: শহিদ আক্কাচ-শহিদ মহিউদ্দিন সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভা:) সভায় জানান যে, ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রগুলো চেয়ারম্যান ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ তদরকী করলে সেবার মান বৃদ্ধি পাবে। চরকুমারিয়া ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রের কিছু গাছ কর্তন করা সম্ভব না হওয়ায় বাউন্ডারী নির্মাণ কাজ বন্ধ রয়েছে।

০৩। **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি প্রণোধনার বরাদ্দ পাওয়া গেলে সকলের সহায়তায় বিতরণ করা হবে।

০৪। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাণি সম্পদ বিভাগের মাঠ কর্মীকে ইউনিয়ন পরিষদে বসার জন্য কক্ষ বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়।

০৫। **মৎস্য বিভাগ:** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সকলের সহযোগিতায় মা ইলিশ রক্ষা অভিযান সফলভাবে সম্পন্ন করতে পারায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

০৬। **উপজেলা প্রকৌশল অফিস:** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৭। **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে শিশু শ্রেণীর ক্লাস বন্ধ রয়েছে। ৫ম শ্রেনীর ক্লাস প্রতিদিন চলছে। চতুর্থ শ্রেণির ক্লাস সপ্তাপহে ০২দিন এবং অন্যান্য শ্রেণির ক্লাস সপ্তাহে ০১দিন করে চলমান আছে।

০৮। **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১২ সেপ্টেম্বর বিদ্যালয় খুলেছে।

০৯। **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে।

সিদ্ধান্ত: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা গরীব রোগীদের ঔষধ সহায়তা প্রদানের লক্ষে সমাজ সেবা অফিসের জন্য ০১টি রুম বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১১। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বিভাজন করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান নিকট হইতে প্রকল্প চাওয়া হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে গৃহহীনদের ঘর নির্মাণ ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

১২। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে দরপত্র আহবানকৃত গভীর নলকূপ স্থাপন কাজ প্রায় শেষ দিকে। তাছাড়া ০৬টি ওয়াস ব্লকের কাজ চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে ৩৩৮টি গভীর নলকূপ স্থাপনের বরাদ্দ পাওয়া গেছে। গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পে নলকূপ ও বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে।

১৩। **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৪। **উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৫। **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৬। **বন বিভাগ :** উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৭। **পল্লী সঞ্চয় ব্যাংক :** ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে চলছে।

১৮। **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :**উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । ঋণ আদায়ের পরিমাণ কিছুটা কম।

১৯। **পল্লী বিদ্যুৎ সমিতি :**এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ সভায় জানান যে, ২২ হাজার গ্রাহকের দৈনিক ৬.০৬ মেগাওয়াট বিদ্যুৎ চাহিদা রয়েছে। ভেদরগঞ্জ এ পল্লী বিদ্যুৎ বিভাগের সাব জোনাল অফিস চালু করা হয়েছে। বিদ্যুৎ সংক্রান্ত যে কোন সমস্যা হলে অফিসে যোগাযোগ করা হলে সমাধানের চেষ্টা করা হবে।

২০। **তথ্য আপা :**তথ্যসেবা কর্মকর্তা, মহিলা সংস্থা, ভেদরগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ আলোচনা:

০১। প্রকল্প সংক্রান্ত:

ক ।উপজেলা পরিষদের চরকুমারীয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মো: মোজাম্মেল হক সভায় জানান যে, চরকুমারীয়া ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে জুয়েল সরকারের বাড়ী হইতে ছাত্তার হাওলাদারের জুয়েল সরকারের বাড়ী পাশের ব্রীজ পর্যন্ত এইচবিবি করা, চরকুমারীয়া ইউনিয়নের ০৫নং ওয়ার্ডে পাকা রাস্তা হইতে মোল্যা বাড়ী মসজিদ পর্যন্ত এইচবিবি করা প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয় বিস্তারিত আলোচনান্তে রাস্তা ০২(দুই)টি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা সিদ্ধান্ত হয়।

ক। প্রকল্পের নাম: চরকুমারীয়া ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে জুয়েল সরকারের বাড়ী হইতে ছাত্তার হাওলাদারের বাড়ী পাশের ব্রীজ পর্যন্ত এইচবিবি করন।

বরাদ্দ-২,০০,০০০/ - টাকা।

প্রকল্প বাস্তবায়ন কমিটি:

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	মো: মোজাম্মেল হক	চেয়ারম্যান, চরকুমারীয়া ইউপি	সভাপতি
০২	মো: মনির সরদার	গন্যমান্য	সদস্য
০৩	মো: শাহাজালাল পাইক	শিক্ষক	সদস্য
০৪	মো: শফিকুল ইসলাম	গন্যমান্য	সদস্য
০৫	মো: স্বপন হাওলাদার	সমাজসেবক	সদস্য
০৬	মো: মিলন হাওলাদার	ব্যবসায়ী	সদস্য
০৭	মো: দিদারুল ইসলাম	সমাজসেবক	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

খ। প্রকল্পের নাম: চরকুমারীয়া ইউনিয়নের ০৫নং ওয়ার্ডে পাকা রাস্তা হইতে মোল্যা বাড়ী মসজিদ পর্যন্ত এইচবিবি করন।

বরাদ্দ-২,০০,০০০/ - টাকা।

প্রকল্প বাস্তবায়ন কমিটি:

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	আকলিমা বেগম লিপি	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি
০২	তাজেল আক্তার	সংরক্ষিত মহিলা সদস্য	সদস্য

০৩	রোস্তম মোল্যা	গন্যমান্য	সদস্য
০৪	মোঃ আল আমিন মোল্যা	পল্লী চিৎকিসক	সদস্য
০৫	মোঃ রকিবুল হাসান	সমাজসেবক	সদস্য
০৬	আজহারুল সরদার	সমাজসেবক	সদস্য
০৭	জাহাঙ্গীর মোল্যা	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

গ। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির মূল পাম্পে দীর্ঘদিনের সমস্যা রয়েছে যার কারনে কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা ও কর্মচারীদের পানির অনেক সমস্যা হয়। সমস্যা সমাধানের লক্ষে ৪র্থ শ্রেণীর টিনসেড কোয়াটারের জন্য গভীর নলকূপ স্থাপন ও মটর স্থাপনের মাধ্যমে সমস্যা সমাধান করা যেতে পারে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষনাবেক্ষন খাত হতে উপজেলা ৪র্থ শ্রেণীর টিনসেড কোয়ার্টারের পানির জন্য ০১টি গভীর নলকূপ স্থাপন ও মটর লাইন স্থাপন করার সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নামঃ উপজেলা পরিষদের ৪র্থ শ্রেণীর টিনসেড কোয়ার্টারের পানির লাইনের জন্য ০১টি গভীর নলকুপ স্থাপন ও মটর লাইন স্থাপন।

প্রকল্প বাস্তবায়ন কমিটি: বরাদ্দ-১,০০,০০০/-(উপজেলা রাজস্ব তহবিল, বাসাবাড়ী রক্ষাবেক্ষন খাত)

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	তাজেল আক্তার	সংরক্ষিত চেয়ারম্যান	সভাপতি
০২	মোঃ সুমন	নলকুপ মেকানিক, জঃ প্রকৌঃ অঃ	সদস্য
০৩	মোঃ রতন হাওলাদার	সমাজসেবক	সদস্য
০৪	মোঃ রাকিব হাসান	গন্যমান্য	সদস্য
০৫	সেকান্দর মিস্ত্রি	সমাজসেবক	সদস্য
০৬	সেলিম মাস্টার	শিক্ষক	সদস্য
০৭	হাসান দেওয়ান	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

০৬। **বিভিন্ন ব্যয় অনুমোদন:** বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	উপজেলা পরিষদের পার্ক ও উপজেল পরিষদের শহীদ মিনার রং ও মজুরী বাবদ	২০,০০০/-
০২.	উপজেলা পরিষদের পার্ক, উপজেল নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারির লাইট পরিবর্তন ও লাইন মেরামত।	১৯,৭৪৫/-
০৩.	উপজেলা পরিষদের ডিসেম্বর/২১ মাসের ইন্টারনেট বিল।	১,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭- ২৯ তারিখঃ ০৯ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, -- ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব --
১২. অফিস কপি।

তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।